দৈনিক
ইত্তেফাক

তারিখ ০5 JUL 2015
পৃষ্ঠা ১৩ কলাম ৬

মতলবে মহিলা শিক্ষক হোস্টেল বইয়ের গুদাম!

■ মতলব দক্ষিণ (চাঁদপুর) সংবাদদাতা

মতলব দক্ষিণ উপজেলা সদরে অবস্থিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের অবিবাহিত মহিলা শিক্ষকদের জন্য যে হোস্টেল নির্মাণ করেছিল দীর্ঘদিন পার হলেও তা বাস্তবায়ন হয়নি। বরং এ সুরম্য ভবনটি এখন বই রাখার গুদামে পরিণত হয়েছে।

শহরের ওয়াপদাস্থ 'প্রমোট' ভবনটি এরকমই বেহাল অবস্থায় পড়ে আছে। বিগত সরকার উপজেলা পর্যায়ে অবিবাহিত মহিলা শিক্ষকদের (মাধ্যমিক ও কলেজ) জন্য একটি দোতলা ভবন নির্মাণ করে। আর তাতে দোতলা ভবনের চার ইউনিটে ৮জন শিক্ষকের কম খরচে আধুনিক সুবিধায় থাকার ব্যবস্থা করা হয়েছিলো। যার অর্থ জোগান দিয়েছিলো বাংলাদেশ সরকার ও ইউরোপীয় ইউনিয়ন। কিন্তু ১২ বছর পেরিয়ে গেলেও ওই ভবনে একজন মহিলা শিক্ষকও অবস্থান করেননি। উপরন্তু ওই উপজেলা মাধ্যমিক অফিস তাদের বই রাখার গুদাম করে রেখেছে শুরু থেকেই। এছাড়া এতদিন পার হলেও ভবনটিতে বিদ্যুৎ ও গ্যাসের ব্যবস্থার কোনো উদ্যোগই নেয়া হয়নি। ফলে সরকারের লক্ষ্য ও উদ্দেশ্য ভেস্তে গেছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আবদুর রহিম বলেন, আমি যতটুকু জানি শুরু থেকে এখানে অবস্থান করার মতো কোনো শিক্ষক পাওয়া যায়নি। বর্তমানে আমরা এ ভবনটি মাধ্যমিক পর্যায়ের সরকারি বই রাখছি এবং সেখান থেকে বিভিন্ন স্কুলে বিতরণ করছি। উপজেলা নির্বাহী অফিসার ফারহানা ইসলাম বলেন, আমি নতুন এসেছি। বিস্তারিত জেনে প্রয়োজনীয় ব্যবস্থা নেবো।